

## রাজ্যের নাম উজ্বল করে ‘বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ডে’ ভূষিত ডঃ অরিজিৎ দাস

Posted on **August 8, 2020** by **santanu99** —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ০৮ আগস্ট ॥ সুদীর্ঘ গবেষণার ফসল হিসেবে জয়ের হাতছানি যখন নিজে থেকেই এসে ধরা দেয়, তখন তার আনন্দতেও আলাদা মাত্রা এনে দেয়। রাজ্যের কৃতি সন্তান ডঃ অরিজিৎ দাস – রসায়ন চর্চা আর গবেষণাতেই নিজেকে উৎসর্গ করেছেন। দেশ বিদেশের বহু জার্নাল, বই, অনলাইন সংস্করণে নিজের কৃতিত্ব দেখিয়ে রাজ্যের নাম উজ্বল করে এবার ‘বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ড’ অর্জন করল রাজ্যের এই কৃতি সন্তান তথা আগরতলার বি বি এম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাস।

সম্প্রতি ‘VDGOOD Professional Association’ আয়োজিত ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান ও মেডিসিন বিভাগে সপ্তম আন্তর্জাতিক সায়েন্টিস্ট অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে ডঃ দাসকে ‘বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ডে’ ভূষিত করে। ‘VDGOOD Professional Association’ প্রতিবছরই ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান ও মেডিসিন বিভাগে আন্তর্জাতিক স্তরে বিভিন্ন ক্যাটাগরিতে মোট ১০ জনকে অ্যাওয়ার্ড প্রদান করে থাকেন। এবছর ডঃ দাস ‘বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ডে’ ভূষিত হয়।

জানা যায়, বিগত বছরেও আই আই টি দিল্লী থেকে ডঃ প্রতিভা যাদব, BITS PILANI থেকে ডঃ মনিষ কুমার, আই আই টি খড়গপুর থেকে অধ্যাপক জিতেন্দ্র কুমার, এন আই টি জলান্ধর থেকে ডঃ রবি প্রতাপ সিং, লক্ষনৌ বিশ্ববিদ্যালয় থেকে অধ্যাপক এম সেরাজুদ্দিন, নেলাপের মদন ভাণ্ডারী মেমোরিয়াল একাডেমী থেকে অধ্যাপক অঞ্জয় কুমার মিশ্র সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ইন্সটিটিউট থেকে বিভিন্ন ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড পেয়েছেন।



This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<https://newsupdateoftripura.com/archives/30237>].